

# সেবা সহজিকরণ সংক্রান্ত তথ্য, ২০২০-২১

## সেবা সহজিকরণ-০১

১) সহজিকৃত সেবার নাম: সনদপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের নামজারি ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সম্পন্নকরণ সংক্রান্ত।

২) সেবাটি সহজিকরণের পূর্বের প্রসেস ম্যাপ এবং পরের প্রসেস ম্যাপ (সংক্ষিপ্ত বর্ণনাসহ)

<table>
<tr><th>পূর্বের প্রসেস ম্যাপ</th><th>সংক্ষিপ্ত বর্ণনা</th></tr>
<tr><td>
</td><td>(ক) সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক আবেদন প্রাপ্তির পর ০২ (দুই) দিনের মধ্যে কেইস নথি সৃজন এবং রেজিস্টারে অন্তর্ভুক্ত করে নামজারির আবেদনটি সংশ্লিষ্ট ভূমি সহকারী কর্মকর্তা বরাবর প্রেরণ।<br><br>(খ) নামজারি আবেদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে সরজমিনে তদন্ত ও রেকর্ড যাচাইপূর্বক কানুনগো/ সার্ভেয়ার/ ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা নামজারির প্রস্তাব/প্রতিবেদন দাখিল।<br><br>(গ) প্রস্তাব/প্রতিবেদন দাখিলের পর ০১ (এক) দিনের মধ্যে প্রস্তাব/প্রতিবেদন মূল নথিতে অন্তর্ভুক্ত করে সহকারী কমিশনার (ভূমি) আবেদন/রেকর্ডীয় মালিক ও স্বার্থসংশ্লিষ্টদেরকে শুনানির জন্য নোটিশ প্রদান।<br><br>(ঘ) নোটিশ প্রদানের পর ০২-০৩ (দুই-তিন) দিনের মধ্যে নথি/রেকর্ড যাচাই/ পরীক্ষা ও স্কেচ ম্যাপ তৈরিপূর্বক শুনানির জন্য প্রস্তুতি গ্রহণ।<br><br>(ঙ) পরবর্তী ৮-১৩ (আট-তের) দিনের মধ্যে যথাযথ শুনানি অন্তে সহকারী কমিশনার (ভূমি) মামলাটি নিষ্পত্তি করবেন।</td></tr>
</table>

<table>
<tr><th>পরের প্রসেস ম্যাপ</th><th>সংক্ষিপ্ত বর্ণনা</th></tr>
<tr><td>
</td><td>(ক) সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক আবেদন প্রাপ্তির পর অবিলম্বে নামজারির আবেদনটি সংশ্লিষ্ট ভূমি সহকারী কর্মকর্তা বরাবর প্রেরণ করবেন। সনদপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের নামজারির বিষয়টি বিশেষ গুরুত্বের সঙ্গে বিবেচনায় "বীর মুক্তিযোদ্ধাদের জন্য নামজারির রেজিস্টার"-এ এন্ট্রি করবেন।<br><br>(খ) নামজারি আবেদন প্রাপ্তির ৩ (তিন) কার্যদিবসের মধ্যে সরেজমিনে তদন্তপূর্বক কানুনগো/সার্ভেয়ার/ ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে) সহকারী কমিশনার (ভূমি) বরাবরে প্রতিবেদন দাখিল করবেন। প্রযোজ্যক্ষেত্রে সহকারী কমিশনার (ভূমি) স্বয়ং সরেজমিন তদন্ত করবেন।<br><br>(গ) চতুর্থ কার্যদিবসে সহকারী কমিশনার (ভূমি) সংশ্লিষ্টদেরকে শুনানির জন্য নোটিশ দিবেন এবং ই-মেইল/মোবাইল মেসেজ যোগে নোটিশের বিষয়ে অবহিত করবেন।<br><br>(ঘ) পরবর্তী ০৬ (ছয়) কার্যদিবসের মধ্যে যথাযথ শুনানি অন্তে সহকারী কমিশনার (ভূমি) মামলাটি নিষ্পত্তি করবেন।</td></tr>
</table>

৩) সেবাটি সহজিকরণের পূর্বের ও পরের TCV এনালাইসিস তথা (Time, Cost & Visit) এর তুলনা

| | সহজিকরণের পূর্বের পদ্ধতি | সহজিকরণের পরের পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ২৮ দিন | ১০ কার্যদিবস |
| খরচ (নাগরিক ও অফিসের) | আবেদনের সাথে কোর্ট ফি-২০(বিশ) টাকা, নোটিশ জারী ফি- ৫০(পঞ্চাশ) টাকা, রেকর্ড সংশোধন বা হালকরণ ফি- ১০০০(এক হাজার) টাকা এবং প্রতি কপি নামজারি খতিয়ান সরবরাহ বাবদ- ১০০(একশত) টাকা। (বিঃদ্রঃ আবেদন পত্রের কোর্ট ফি ছাড়া বাকিগুলো ডিসিআর এর মাধ্যমে আদায় করা হবে।) | আবেদনের সাথে কোর্ট ফি-২০(বিশ) টাকা, নোটিশ জারী ফি- ৫০(পঞ্চাশ) টাকা, রেকর্ড সংশোধন বা হালকরণ ফি- ১০০০(এক হাজার) টাকা এবং প্রতি কপি নামজারি খতিয়ান সরবরাহ বাবদ- ১০০(একশত) টাকা। (বিঃদ্রঃ আবেদন পত্রের কোর্ট ফি ছাড়া বাকিগুলো ডিসিআর এর মাধ্যমে আদায় করা হবে।) |
| যাতায়াত | একই | একই |
| ধাপ | ০৫ | ০৩ |
| জনবল | ১৬ | ১২ |
| দাখিলীয় কাগজপত্র | ১। ২০ (বিশ) টাকার কোর্টফি সহ মূল আবেদন ফরম।<br>২। আবেদনকারীর ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (একাধিক ব্যক্তির ক্ষেত্রে প্রত্যেকের জন্য ছবি প্রযোজ্য)।<br>৩। খতিয়ানের ফটোকপি/সার্টিফাইড কপি।<br>৪। ধার্যকৃত বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদ (দাখিলা)।<br>৫। সর্বশেষ জরিপের পর থেকে বায়া/পিট দলিলের সার্টিফাইড/ফটোকপি।<br>৬। উত্তরাধিকারসূত্রে মালিকানা লাভ করলে অনধিক তিন মাসের মধ্যে ইস্যুকৃত মূল উত্তরাধিকার সনদ।<br>৭। আদালতের রায়ের ডিক্রির মাধ্যমে জমির মালিকানা লাভ করলে উক্ত রায়ের সার্টিফাইড/ফটোকপি। আপীল হয়ে থাকলে তার তথ্য বা ডিক্রির সার্টিফাইড কপি বা ফটোকপি।<br>৮। আবেদনকারীর পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি ( জাতীয় পরিচয়পত্র / ভোটার আইডি / জন্ম নিবন্ধন সনদ/ পাসপোর্ট / ড্রাইভিং লাইসেন্স/ অন্যান্য) | ১। ২০ (বিশ) টাকার কোর্টফি সহ মূল আবেদন ফরম।<br>২। আবেদনকারীর ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (একাধিক ব্যক্তির ক্ষেত্রে প্রত্যেকের জন্য ছবি প্রযোজ্য)।<br>৩। খতিয়ানের ফটোকপি/সার্টিফাইড কপি।<br>৪। ধার্যকৃত বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদ (দাখিলা)।<br>৫। সর্বশেষ জরিপের পর থেকে বায়া/পিট দলিলের সার্টিফাইড/ফটোকপি।<br>৬। উত্তরাধিকারসূত্রে মালিকানা লাভ করলে অনধিক তিন মাসের মধ্যে ইস্যুকৃত মূল উত্তরাধিকার সনদ।<br>৭। আদালতের রায়ের ডিক্রির মাধ্যমে জমির মালিকানা লাভ করলে উক্ত রায়ের সার্টিফাইড/ফটোকপি। আপীল হয়ে থাকলে তার তথ্য বা ডিক্রির সার্টিফাইড কপি বা ফটোকপি।<br>৮। আবেদনকারীর পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি ( জাতীয় পরিচয়পত্র / ভোটার আইডি / জন্ম নিবন্ধন সনদ/ পাসপোর্ট / ড্রাইভিং লাইসেন্স/ অন্যান্য) |

৪) কোন ধরনের এবং কত সংখ্যক স্টেকহোল্ডার/বেনিফিসিয়ারি সেবা টি গ্রহণ করে থাকে?

সনদপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাগণ ।

৫) সেবাটি বাস্তবায়নের চ্যালেঞ্জ এবং তা নিরসনে গৃহীত কৌশল/ব্যবস্থাসমূহ:

চ্যালেঞ্জ: সনদপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ১০ কার্যদিবসের মধ্যে নামজারি নিষ্পত্তির যে উদ্যোগ সরকার গ্রহণ করেছে তা সংশ্লিষ্ট সকল বীর মুক্তিযোদ্ধাদেরকে অবগত করা।

গৃহীত কৌশল/ব্যবস্থাসমূহ: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে সনদপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের তালিকা সংগ্রহপূর্বক তাদেরকে ১০ কার্যদিবসের মধ্যে নামজারি নিষ্পত্তি বিষয়ে সরকারের গৃহীত উদ্যোগ সম্পর্কে জানানোর ব্যবস্থা গ্রহণ করা। সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) উক্ত সেবা বাস্তবায়নের বিষয়ে ফোকাল পয়েন্ট নিয়োজিত থাকবেন এবং তিনি সেবাদানের বিষয়টি নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন এবং পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ভূমি মন্ত্রণালয় এবং ভূমি সংস্কার বোর্ডে প্রতিবেদন প্রেরণ করবেন।


৬) সেবাটির প্রচারণা ও টেকসইকরণের কর্মপরিকল্পনা এবং তা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাসমূহ


- ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ;
- ভূমি মন্ত্রণালয়ের ফেসবুক পেজে প্রকাশ এবং
- নির্ধারিত সময়ের মধ্যে নামজারি সম্পন্নের জন্য সকল বিভাগীয় কমিশনার, ডেপুটি কমিশনার, উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং সহকারী কমিশনার (ভূমি) -কে পত্র প্রেরণ।

**সেবা সহজিকরণ-০২**

১) সহজীকৃত সেবার নাম: গুরুত্বপূর্ণ শিল্প প্রতিষ্ঠান/রপ্তানীমুখী শিল্প/ বৈদেশিক বিনিয়োগকারী প্রতিষ্ঠানের নামে নামজারি ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সম্পন্নকরণ সংক্রান্ত।

২) সেবাটি সহজিকরণের পূর্বের প্রসেস ম্যাপ এবং পরের প্রসেস ম্যাপ (সংক্ষিপ্ত বর্ণনাসহ)

| পূর্বের প্রসেস ম্যাপ | সংক্ষিপ্ত বর্ণনা |
|---|---|
|  | (ক) সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক আবেদন প্রাপ্তির পর ০২ (দুই) দিনের মধ্যে কেইস নথি সৃজন এবং রেজিস্টারে অন্তর্ভুক্ত করে নামজারির আবেদনটি সংশ্লিষ্ট ভূমি সহকারী কর্মকর্তা বরাবর প্রেরণ।<br>(খ) নামজারি আবেদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে সরজমিনে তদন্ত ও রেকর্ড যাচাইপূর্বক কানুনগো/ সার্ভেয়ার/ ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা নামজারির প্রস্তাব/প্রতিবেদন দাখিল।<br>(গ) প্রস্তাব/প্রতিবেদন দাখিলের পর ০১ (এক) দিনের মধ্যে প্রস্তাব/প্রতিবেদন মূল নথিতে অন্তর্ভুক্ত করে সহকারী কমিশনার (ভূমি) আবেদন/রেকর্ডীয় মালিক ও স্বার্থসংশ্লিষ্টদেরকে শুনানির জন্য নোটিশ প্রদান।<br>(ঘ) নোটিশ প্রদানের পর ০২-০৩ (দুই-তিন) দিনের মধ্যে নথি/রেকর্ড যাচাই/ পরীক্ষা ও স্কেচ ম্যাপ তৈরিপূর্বক শুনানির জন্য প্রস্তুতি গ্রহণ।<br>(ঙ) পরবর্তী ৮-১৩ (আট-তের) দিনের মধ্যে যথাযথ শুনানি অন্তে সহকারী কমিশনার (ভূমি) মামলাটি নিষ্পত্তি করবেন। |

| পরের প্রসেস ম্যাপ | সংক্ষিপ্ত বর্ণনা |
|---|---|
|  | (ক) সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক আবেদন প্রাপ্তির পর তাৎক্ষনিকভাবে নামজারির আবেদনটি সংশ্লিষ্ট ভূমি সহকারী কর্মকর্তা বরাবর প্রেরণ করবেন। বিদ্যমান সকল গুরুত্বপূর্ণ শিল্প প্রতিষ্ঠান, কোম্পানী (কোম্পানী টু কোম্পানী নামজারি), রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানের নামজারির বিষয়টি বিশেষ গুরুত্বের সাথে বিবেচনা করে নামজারির জন্য আলাদা একটি রেজিস্টার এন্ট্রি করবেন।<br>(গ) নামজারি আবেদন প্রাপ্তির ০২ (দুই) কার্যদিবসের মধ্যে সরেজমিনে তদন্তপূর্বক কানুনগো/ সার্ভেয়ার/ ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা নামজারির প্রতিবেদন দাখিল করবেন। প্রযোজ্য ক্ষেত্রে সহকারী কমিশনার (ভূমি) স্বয়ং তদন্ত করবেন।<br>(ঘ) তৃতীয় কার্যদিবসে সহকারী কমিশনার (ভূমি) সংশ্লিষ্টদের শুনানির জন্য নোটিশ দিবেন।<br>(ঙ) পরবর্তী ০৪ (চার) কার্যদিবসের মধ্যে যথাযথ শুনানি অন্তে সহকারী কমিশনার (ভূমি) মামলাটি নিষ্পত্তি করবেন। |

৩) সেবাটি সহজিকরণের পূর্বের ও পরের TCV এনালাইসিস তথা (Time, Cost & Visit) এর তুলনা

| | সহজিকরণের পূর্বের পদ্ধতি | সহজিকরণের পরের পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ২৮ দিন | ০৭ কার্যদিবস |
| খরচ (নাগরিক ও অফিসের) | আবেদনের সাথে কোর্ট ফি-২০(বিশ) টাকা, নোটিশ জারী ফি- ৫০(পঞ্চাশ) টাকা, রেকর্ড সংশোধন বা হালকরণ ফি- ১০০০(এক হাজার) টাকা এবং প্রতি কপি নামজারি খতিয়ান সরবরাহ বাবদ- ১০০(একশত) টাকা। (বিঃদ্রঃ আবেদন পত্রের কোর্ট ফি ছাড়া বাকিগুলো ডিসিআর এর মাধ্যমে আদায় করা হবে।) | আবেদনের সাথে কোর্ট ফি-২০(বিশ) টাকা, নোটিশ জারী ফি- ৫০(পঞ্চাশ) টাকা, রেকর্ড সংশোধন বা হালকরণ ফি- ১০০০(এক হাজার) টাকা এবং প্রতি কপি নামজারি খতিয়ান সরবরাহ বাবদ- ১০০(একশত) টাকা। (বিঃদ্রঃ আবেদন পত্রের কোর্ট ফি ছাড়া বাকিগুলো ডিসিআর এর মাধ্যমে আদায় করা হবে।) |
| যাতায়াত | - | - |
| ধাপ | ০৫ | ০৩ |
| জনবল | ১৬ | ১২ |
| দাখিলীয় কাগজপত্র | ১। ২০ (বিশ) টাকার কোর্টফি সহ মূল আবেদন ফরম।<br>২। আবেদনকারীর ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (একাধিক ব্যক্তির ক্ষেত্রে প্রত্যেকের জন্য ছবি প্রযোজ্য)।<br>৩। খতিয়ানের ফটোকপি/সার্টিফাইড কপি।<br>৪। ধার্যকৃত বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদ (দাখিলা)।<br>৫। সর্বশেষ জরিপের পর থেকে বায়া/পিট দলিলের সার্টিফাইড/ফটোকপি।<br>৬। উত্তরাধিকারসূত্রে মালিকানা লাভ করলে অনধিক তিন মাসের মধ্যে ইস্যুকৃত মূল উত্তরাধিকার সনদ।<br>৭। আদালতের রায়ের ডিক্রির মাধ্যমে জমির মালিকানা লাভ করলে উক্ত রায়ের সার্টিফাইড/ফটোকপি। আপীল হয়ে থাকলে তার তথ্য বা ডিক্রির সার্টিফাইড কপি বা ফটোকপি।<br>৮। আবেদনকারীর পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (জাতীয় পরিচয়পত্র / ভোটার আইডি / জন্ম নিবন্ধন সনদ/ পাসপোর্ট / ড্রাইভিং লাইসেন্স/ অন্যান্য) | ১। ২০ (বিশ) টাকার কোর্টফি সহ মূল আবেদন ফরম।<br>২। আবেদনকারীর ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (একাধিক ব্যক্তির ক্ষেত্রে প্রত্যেকের জন্য ছবি প্রযোজ্য)।<br>৩। খতিয়ানের ফটোকপি/সার্টিফাইড কপি।<br>৪। ধার্যকৃত বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদ (দাখিলা)।<br>৫। সর্বশেষ জরিপের পর থেকে বায়া/পিট দলিলের সার্টিফাইড/ফটোকপি।<br>৬। উত্তরাধিকারসূত্রে মালিকানা লাভ করলে অনধিক তিন মাসের মধ্যে ইস্যুকৃত মূল উত্তরাধিকার সনদ।<br>৭। আদালতের রায়ের ডিক্রির মাধ্যমে জমির মালিকানা লাভ করলে উক্ত রায়ের সার্টিফাইড/ফটোকপি। আপীল হয়ে থাকলে তার তথ্য বা ডিক্রির সার্টিফাইড কপি বা ফটোকপি।<br>৮। আবেদনকারীর পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (জাতীয় পরিচয়পত্র / ভোটার আইডি / জন্ম নিবন্ধন সনদ/ পাসপোর্ট / ড্রাইভিং লাইসেন্স/ অন্যান্য) |

৪) কোন ধরনের এবং কত সংখ্যক স্টেকহোল্ডার/বেনিফিসিয়ারি সেবা টি গ্রহণ করে থাকে?

গুরুত্বপূর্ণ শিল্প প্রতিষ্ঠান/রপ্তানীমুখী শিল্প/ বৈদেশিক বিনিয়োগকারী প্রতিষ্ঠান

৫) সেবাটি বাস্তবায়নের চ্যালেঞ্জ এবং তা নিরসনে গৃহীত কৌশল/ব্যবস্থাসমূহ:

চ্যালেঞ্জ: নামজারির জন্য আবেদনকারী গুরুত্বপুর্ণ শিল্প প্রতিষ্ঠান/রপ্তানীমুখী শিল্প/ বৈদেশিক বিনিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক দখলকৃত ভূমিতে কোন সমস্যা রয়েছে কিনা সে সম্পর্কে তথ্য জানা।

গৃহীত কৌশল/ব্যবস্থাসমূহ: গুরুত্বপুর্ণ শিল্প প্রতিষ্ঠান/রপ্তানীমুখী শিল্প/ বৈদেশিক বিনিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক দখলকৃত ভূমি সম্পর্কে তথ্য নেওয়ার জন্য পর্যাপ্ত জনবল (সার্ভেয়ার ও কানুনগো) সংকট রয়েছে। সার্ভেয়ার ও কানুনগো নিয়োগের বিধিমালা প্রণয়নের কাজ চলছে। বিধিমালা প্রণয়ন সম্পন্ন হলে সার্ভেয়ার ও কানুনগো নিয়োগ করা হবে।

সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এ বিষয়ে ফোকাল পয়েন্ট নিয়োজিত থাকবেন এবং তিনি সেবাদানের বিষয়টি নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন এবং প্রতিমাসে এ ব্যাপারে সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এবং মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক)-কে প্রতিবেদন দেবেন।


৬) সেবাটির প্রচারণা ও টেকসইকরণের কর্মপরিকল্পনা এবং তা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাসমূহ

- ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ;
- ভূমি মন্ত্রণালয়ের ফেসবুক পেজে প্রকাশ এবং
- নির্ধারিত সময়ের মধ্যে নামজারি সম্পন্নের জন্য সকল বিভাগীয় কমিশনার, ডেপুটি কমিশনার, উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং সহকারী কমিশনার (ভূমি) -কে পত্র প্রেরণ।


**সেবা সহজিকরণ-০৩**

১) সহজিকৃত সেবার নাম: সাব-রেজিস্ট্রি অফিস হতে দলিলের একটি কপি এবং এলটি নোটিশের একটি কপি প্রাপ্তির পর নামজারি কার্যক্রম সম্পন্নকরণ সংক্রান্ত।

২) সেবাটি সহজিকরণের পূর্বের প্রসেস ম্যাপ এবং পরের প্রসেস ম্যাপ (সংক্ষিপ্ত বর্ণনা সহ):

<table>
<tr><th>পূর্বের প্রসেস ম্যাপ</th><th>সংক্ষিপ্ত বর্ণনা</th></tr>
<tr><td>


</td><td>
(ক) সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক আবেদন প্রাপ্তির পর ০২ (দুই) দিনের মধ্যে কেইস নথি সৃজন এবং রেজিস্টারে অন্তর্ভুক্ত করে নামজারির আবেদনটি সংশ্লিষ্ট ভূমি সহকারী কর্মকর্তা বরাবর প্রেরণ করবেন।<br><br>
(খ) নামজারি আবেদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে সরজমিনে তদন্ত ও রেকর্ড যাচাইপূর্বক কানুনগো/ সার্ভেয়ার/ ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা নামজারির প্রস্তাব/প্রতিবেদন দাখিল করবেন।<br><br>
(গ) প্রস্তাব/প্রতিবেদন দাখিলের পর ০১ (এক) দিনের মধ্যে প্রস্তাব/প্রতিবেদন মূল নথিতে অন্তর্ভুক্ত করে সহকারী কমিশনার (ভূমি) আবেদন/রেকর্ডীয় মালিক ও স্বার্থসংশ্লিষ্টদেরকে শুনানির জন্য নোটিশ দিবেন।<br><br>
(ঘ) নোটিশ প্রদানের পর ০২-০৩ (দুই-তিন) দিনের মধ্যে নথি/রেকর্ড যাচাই/ পরীক্ষা ও স্কেচ ম্যাপ তৈরিপূর্বক শুনানির জন্য প্রস্তুতি গ্রহণ করবেন।<br><br>
(ঙ) পরবর্তী ৮-১৩ (আট-তের) দিনের মধ্যে যথাযথ শুনানি অন্তে সহকারী কমিশনার (ভূমি) মামলাটি নিষ্পত্তি করবেন।
</td></tr>
</table>

<table>
<tr><th>পরের প্রসেস ম্যাপ</th><th>সংক্ষিপ্ত বর্ণনা</th></tr>
<tr><td>


</td><td>
(ক) সাব-রেজিস্ট্রার কর্তৃক রেজিস্ট্রিকৃত দলিলের একটি কপি ও এলটি নোটিশের একটি পরিচ্ছন্ন ও পাঠযোগ্য কপি সাব-রেজিস্ট্রার সংশ্লিষ্ট উপজেলা/সার্কেল ভূমি অফিসে প্রেরণ করবেন এবং সাব-রেজিস্ট্রি অফিস হতে দলিলের কপি (অনুলিপি) এবং এলটি নোটিশ পাওয়ার সঙ্গে সঙ্গে "সাব-রেজিস্ট্রি অফিস হতে প্রাপ্ত দলিলের ভিত্তিতে ই-নামজারি" নামে বর্ণিত রেজিস্টার-৯ (২য় খন্ড)-এ যথাযথভাবে এন্ট্রি করে ই-নামজারির জন্য মিস কেস রুজু করবেন।<br><br>
(খ) প্রচলিত বিধান অনুযায়ী নামজারির ফি ও সার্ভিস চার্জ পরিশোধ করা এবং দলিল অবিকল নকল কপিসহ উপস্থিত হয়ে শুনানি গ্রহণের লক্ষ্যে সর্বোচ্চ ০৪ (চার) কার্যদিবসের মধ্যে সময় দিয়ে দলিল গ্রহীতাকে ই-মেইল/মেসেজ প্রদান করবেন।<br><br>
(গ) নামজারি/ই-নামজরি খতিয়ানের ভিত্তিতে জমির দলিল রেজিস্ট্রেশন সম্পন্ন হলে এবং এর ভিত্তিতে মালিকানা পরিবর্তন হলে শুনানিকালে সাব-রেজিষ্ট্রার অফিসের বিশেষ সিল এবং "শুধুমাত্র সহকারী কমিশনার, ভূমি অফিসের নামজারি কার্যে ব্যবহারের জন্য" লেখা যুক্ত দলিলের অনুলিপির সঙ্গে দলিল গ্রহীতার নিকট রক্ষিত দলিলের সাযুজ্যতা পরীক্ষা করবেন এবং দলিলের কপি এবং এলটি নোটিশ সহকারী কমিশনার (ভূমি)-এর নিকট পৌঁছানোর তারিখ হতে পরবর্তী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে নামজারি সম্পন্ন নিশ্চিত করবেন।
</td></tr>
</table>

৩) সেবাটি সহজিকরণের পূর্বের ও পরের TCV এনালাইসিস তথা (Time, Cost & Visit) এর তুলনা:

| | সহজিকরণের পূর্বের পদ্ধতি | সহজিকরণের পরের পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ব্যক্তি আবেদন বা LT নোটিশ প্রাপ্তির পর সর্বোচ্চ ২৮ দিন<br>প্রবাসী বাংলাদেশি নাগরিকদের জন্য মহানগর সার্কেলে - ০৯ কার্যদিবস ও অন্যান্য ক্ষেত্রে - ১২ কার্যদিবস।<br>বিনিয়োগবান্ধব রপ্তানীমুখী শিল্প ও বানিজ্যিক প্রতিষ্ঠান (ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও চট্টগ্রাম এলাকার ক্ষেত্রে) - ০৭ দিন | ব্যক্তি আবেদন বা LT নোটিশ প্রাপ্তির পর সর্বোচ্চ ০৮ কার্যদিবস |
| খরচ (নাগরিক ও অফিসের) | আবেদনের সঙ্গে কোর্ট ফি - ২০ টাকা, নোটিশ জারি ফি - ৫০ টাকা,<br>নামজারি জমাভাগ/ জমা একত্রিকরণের আবেদন মঞ্জুর হবার পর :<br>রেকর্ড সংশোধন ফি - ১০০০ টাকা, খতিয়ান ফি (প্রতি কপি) - ১০০ টাকা | আবেদনের সঙ্গে কোর্ট ফি - ২০ টাকা, নোটিশ জারি ফি - ৫০ টাকা,<br>নামজারি জমাভাগ/ জমা একত্রিকরণের আবেদন মঞ্জুর হবার পর :<br>রেকর্ড সংশোধন ফি - ১০০০ টাকা, খতিয়ান ফি (প্রতি কপি) - ১০০ টাকা |
| যাতায়াত | - | - |
| ধাপ | ১৭টি | ১৫টি |
| জনবল | ৬ জন | |
| দাখিলীয় কাগজপত্র | ১) সর্বশেষ নামজারি ও জমাভাগ/ জমা একত্রিকরণের খতিয়ান<br>২) সর্বশেষ গেজেটে প্রকাশিত খতিয়ানের কপি<br>৩) ওয়ারিশ সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) - অনধিক ০৩ মাসের মধ্যে ইস্যুকৃত<br>৪) মূল দলিলের ফটোকপি/ সার্টিফাইড কপি<br>৫) সর্বশেষ জরিপের পর থেকে আবেদনকারীর আবেদন করার সময় পর্যন্ত হস্তান্তরের বায়া/ পীট দলিল<br>৬) হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা<br>৭) আদালতের রায়/ আদেশ/ ডিক্রি থাকলে আদেশ ও আরজির সার্টিফাইড কপি<br>৮) জমির চৌহদ্দিসহ কলমি নকশা (আবেদনকারী নিজের মতো)<br>৯) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি<br>১০) আবেদনের সঙ্গে আবেদনকারীর সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের ছবি<br>১১) আবেদনকারীর পক্ষে মনোনীত কোন ব্যক্তি শুনানিতে থাকতে চাইলে ছবিসহ হলফনামার ছবি<br>১২) শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিডা কর্তৃক নির্ধারিত কাগজপত্র | কোন কাগজপত্র দাখিল করার প্রয়োজন নেই। শুনানির সময় জমি গ্রহীতাকে রেজিস্ট্রিকৃত দলিল নিয়ে আসতে হবে। |

৪) সুবিধাভোগীর ধরণ ও সংখ্যা: রেজিস্ট্রিকৃত জমির সকল ক্রেতাগণ।

৫) সেবাটি বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ এবং তা নিরসনে গৃহীত কৌশল/ব্যবস্থাসমূহ:

চ্যালেঞ্জ:

নামজারি করে শুনানির জন্য দলিল দাতা এবং গ্রহীতাকে নোটিশ করতে হয়। দলিলে দাতা গ্রহীতার কোন মোবাইল নম্বর ও বর্তমান ঠিকানা না থাকায় তাদের নোটিশ দিয়ে শুনানি করা যাচ্ছে না এবং এ কারণে এ পদ্ধতিতে নামজারি করা যাচ্ছে না।

গৃহীত কৌশল/ব্যবস্থাসমূহ:

দলিলে দলিল গ্রহীতার মোবাইল নম্বর, বর্তমান ঠিকানা এবং জন্ম তারিখ অন্তর্ভুক্ত করলে এ সমস্যার সমাধান হবে। আইন মন্ত্রণালয় এই বিষয়ে যাতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করে সেজন্য কাজ করা হচ্ছে।

৬) সেবাটির প্রচারণা ও টেকসইকরণের কর্মপরিকল্পনা এবং তা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাসমূহ:

- সেবাটি বাস্তবায়নে পরিপত্র জারি;
- পরিপত্র ওয়েবসাইটে প্রকাশ এবং
- গণমাধ্যম এবং সামাজিক যোগাযোগ মাধ্যম প্রচার।